



জরুরি ভিত্তিতে বোয়েসেল-এর মাধ্যমে কুয়েতে নার্স নিয়োগ

৪৯.০২.০০০০.০০৪.৫০.০০১.২১/৮৫৮

তারিখ: ০৭.০৯.২০২২ খ্রি.

বোয়েসেল-এর মাধ্যমে কুয়েতের বিভিন্ন সরকারি হাসপাতালে City Group General Trading Co, Kuwait - এর ব্যবস্থাপনায় নিম্নবর্ণিত পদে পুরুষ/মহিলা নার্স নিয়োগ করা হবে:

ক্র.নং	পদের নাম	পদের সংখ্যা	অভিজ্ঞতা	বয়স	বেতন ও অন্যান্য সুবিধাদি	ওভারটাইম	মন্তব্য	
১.	বিএসসি নার্স/ ডিপ্লোমা নার্স	পুরুষ ৫০ জন মহিলা ১৫০ জন	কমপক্ষে ২ বছর ৬ মাস	জন্মসাল সর্বোচ্চ ১৯৮৩	৮০,০০০/- থেকে ৯০,০০০/-	বাৎসরিক ইনক্রিমেন্ট ১০ কুয়েতি দিনার।	কুয়েতের শ্রম আইন অনুযায়ী	চাকুরির চুক্তি ০৩ (তিন) বৎসর নবায়নযোগ্য

চাকুরির শর্তাবলি:

- প্রার্থীকে অবশ্যই সরকার স্বীকৃত কোনো নার্সিং ইনস্টিটিউট হতে বিএসসি অথবা ডিপ্লোমা ডিগ্রীধারী হতে হবে।
- যেকোনো সরকারি, আধা-সরকারি বা বেসরকারি মেডিকেল কলেজ/হাসপাতাল/প্রতিষ্ঠানে নার্স হিসেবে কাজের অভিজ্ঞতা থাকতে হবে।
- অবশ্যই ২ বছর ৬ মাস মেয়াদসহ পাসপোর্ট থাকতে হবে।
- চাকুরিতে যোগদানের পর শিক্ষানবিসকাল ০৩ (তিন) মাস।
- দৈনিক ০৮ (আট) ঘণ্টা হিসাবে সপ্তাহে ৬ (ছয়) দিন ডিউটি এবং বাৎসরিক ছুটি ৩০ (ত্রিশ) দিন।
- নার্স হিসেবে সরকারি প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদের স্ব স্ব প্রতিষ্ঠান হতে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।
- সরকারি নার্স হিসেবে কর্মরত প্রার্থীদের লিয়েন ছুটি প্রাপ্তির যোগ্যতা অর্জিত হলেই আবেদন করতে পারবেন এবং চূড়ান্ত নির্বাচনের পরে লিয়েন ছুটি প্রার্থীকে নিজেই ব্যবস্থা করতে হবে।
- চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীকে ডাটা-চেক নিশ্চিত করতে হবে।
- প্রয়োজনীয় আসবাবপত্রসহ থাকা, খাওয়া এবং কর্মস্থলে যাতায়াতের পরিবহনের ব্যবস্থা নিয়োগকারী কোম্পানি বহন করবে।
- চাকুরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন (০৩) বছর সন্তোষজনক চাকুরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকারী কোম্পানি বহন করবে।
- কুয়েতের শ্রম আইন অনুযায়ী অন্যান্য শর্তাবলি প্রযোজ্য হবে।

অন্যান্য তথ্যাবলি:


নির্বাচিত প্রার্থীদের বোয়েসেলের নির্ধারিত সার্ভিস চার্জ এবং বিধি মোতাবেক অন্যান্য সরকারি ফি প্রদান করতে হবে। আগ্রহী প্রার্থীদের ইথরেজিতে এক (০১) কপি জীবন বৃত্তান্ত, সকল শিক্ষাগত যোগ্যতার সনদ, অভিজ্ঞতার সনদ, মার্কশিট, ট্রান্সক্রিপ্ট এবং অন্যান্য তথ্যাদি পূরণপূর্বক বোয়েসেল হতে প্রদত্ত লিথকে আগামী ০৪.১০.২০২২ খ্রি. এর মধ্যে আবেদন করার জন্য অনুরোধ জানানো হচ্ছে। লিখিত ও মৌখিক পরীক্ষা প্রদানের সময় প্রার্থীদের কোনো প্রকার টিএ, ডিএ প্রদান করা হবে না।

লিথক:- <https://forms.gle/z6ha6bzCt1NwppPe6>

N
০৭.০৯.২২
বোয়েসেল কর্তৃপক্ষ

অফিস ঠিকানা :

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২ ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।



যোগাযোগ নম্বর :

ফোন : +৮৮-০২-৫৮৩১১৮৩৮, ৪৮৩১৯১২৫ ও ৪৮৩১৭৫১৫ (পিএবিএক্স)
ফ্যাক্স : +৮৮-০২-৫৮৩১-৬৫৭৭, +৮৮-০২-৯৩৩০৬৫২
ইমেইল : info@boesl.gov.bd, md@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd